142. Ja. 852. 2. (

# আগাথস

অথবা

## ঈশ্বরদত্ত সম্পূর্ণ সজ্জা

গৌড়িয় ভাষায় ভাষান্তরিত হইয়া

কলিকাতা

সত্যার্ণব মুদ্রাযন্ত্রে

মুদ্রিত

খ্রীষ্টাব্দীয়া ১৮৫২

LH 26

# আগাথস

কোন কালে সুসাহসিক এক রাজা ছিলেন তাঁহার দেশ অত্যন্ত দুরন্ত সংহারক এক অজগর আক্রমণ করিয়া থাকিত অতএব রাজ্যেশ্বর স্বীয় সৈন্যেরদের মধ্য হইতে কএক জন রণপণ্ডিত সুযোদ্ধারদিগকে মনোনীত করিয়া নিজ রাজ্যের যদংশে সে অপকারক অজগর উপদ্রব করে তদংশে তাহারদিগকে প্রেরণ করিলেন। যাত্রাকালে তাহারদিগকে এতাদৃশ বাক্য কহিলেন—"তোমরা সকলে জ্ঞাত আছ যে আমি এই অজগরের সহিত যুদ্ধ করিয়াছি এবং সে সাধ্যানুসারে সম্পূর্ণ ক্রোধ ও বলে আমাকে আক্রমণ করিলেও আমি তাহাকে প্রহার পূর্ব্বক পরাজিত করিয়াছি আমার সমস্ত বিশ্বস্ত অনুচরদিগের আমার পদচিহ্নানুসারী হওয়া উচিত; তাহারা আমার অনুরূপ বিজয়ী হইলে আমার সিংহাসনের পাদপীঠদেশে

উপবেশনের স্থান পাইবে। তজ্জন্য আমি তোমারদিগকে এই বিকটাকারের সহিত যুদ্ধ করিতে প্রেরণ করিতেছি, তোমরা রণে আমার বলে বলবান হইবা অতএব তোমরা সতত সতর্ক হইয়া চলিবা। যদ্যপি আমার উক্ত বাক্য বিস্মৃত না হও এবং শঙ্কট কালে আমার নাম স্মরণ কর, বিশেষতঃ তোমারদের নিমিত্তে আমাকর্ত্তৃক প্রস্তুত সম্পূর্ণ সজ্জা গ্রহণ করিয়া সাহস পূর্ব্বক ব্যবহার কর, তবে সে অজগর কদাচ তোমারদিগকে আঘাত ব্যাঘাত করিতে সক্ষম হইবে না। কিন্তু যদি সে তোমারদিগকে প্রস্তুত না দেখে এবং তোমারদের সজ্জাবিহীন সময়ে অকস্মাৎ উপস্থিত হয়, তবে নিশ্চয় তোমারদিগকে আক্রমণ করিয়া সংহার করিবে ;"

সৈন্যগণ সতর্ক থাকিতে প্রতিজ্ঞাবদ্ধ হইয়া প্রফুল্লচিত্তে যথায় সেই হিংসক অজগর ছিল তদ্দেশ প্রতি প্রস্থান করিল তথায় উপস্থিত হইয়া তাহারা প্রথমে কিয়ৎকাল সতত সসজ্জ হইয়া প্রহরিভাবে অতি সতর্কে কালযাপন করিল শয়নকালে তাহারা সকলে এককালে কদাচ নিদ্রা যাইত না, কিন্তু কএক জন জাগরিত থাকিত অন্যেরা শয়ন করিত স্বীয় উজ্জ্বল সজ্জায় সজ্জিত এই সাহসিক যোদ্ধারদিগের শ্রেণীপূর্ব্বক দেশের চতুর্দ্দিগে গমনাগমন

দেখিয়া সকলের নয়নপদ্ম প্রফুল্ল হইত এবং রাজকীয় সৈন্য প্রহরি দিতেছে এইজন্য দেশবাসি জনগণ আপনারদিগকে নিতান্ত নিঃশঙ্ক জানিয়া অতিসুখী হইল ঐ যোদ্ধাগণ নিদ্রাজন্য বিশ্রামে সবলশরীর হইয়া অতিপ্রত্যুষে গাত্রোত্থান করত সুসাবধানে স্ব২ সজ্জা পরিধান পূর্ব্বক খড়্গের তীক্ষ্ণতা পরীক্ষানন্তর পাতিতজানু হইয়া প্রার্থনা করিত এবং আপন প্রভুর নাম স্মরণ করিত, ওৎপর হিংসক অজগরের আক্রমণ নিবারণার্থে বহির্গত হইয়া, যে২ সেনা নিশাভাগে অনেকক্ষণ পর্য্যন্ত প্রহরি কর্ম্মে প্রবৃত্ত ছিল তাহারদিগের পরিবর্ত্তে অন্য প্রহরি নিযুক্ত করিয়া সকল বিষয়ে সতর্ক থাকিত। তাহারদিগের এই সদাচার দেখিয়া সকলের দর্শন সুখ জন্মিত

কিন্তু হায়! দুঃখের বিষয় এই, যে রাজসৈন্যেরা অল্পকাল পরে এ প্রকার ব্যবহার হইতে বিরত হইল যাবৎ তাহারা প্রহরিভাবে সতর্ক ছিল তাবৎ সে অজগর দর্শন দিল না। সকল বিষয় মঙ্গল ছিল কৃষকেরা ক্ষেত্র কর্ষণ করিল এবং শস্য সংগ্রহ কাল প্রায় উপস্থিত সকলে ব্যবসায় বাণিজ্যে বিবাহ ও বিবাহ দেওনে ভোজন নিমন্ত্রণে নানা কৌতুক ক্রীড়ায় প্রবৃত্ত ছিল এবং

সৈন্যগণ মনে২ বিবেচনা করিতে লাগিল যে এই অজগরের বিষয় যাহা শুনিয়াছিলাম সে বুঝি কেবল গল্প মাত্র আর কিছু নয় ইহা ভাবিয়া সচৈতন্য হইয়া অটল থাকিতে আপন প্রভুর যে প্রত্যাদেশ তাহা ক্রমে২ বিস্মৃত হইতে লাগিল কালের অবস্থান্তরেও অতিশয় গ্রীষ্ম উত্তাপ হইতে লাগিল এবং তাহারদের সজ্জাভার বহন পূর্ব্বাপেক্ষা অধিকতর ক্লেশকর বোধ হইল অনেক সেনা কহিল, "এতাদৃশ গুরুতর ভাবি ক্লেশদ শিরস্ত্র পরিধানে কি প্রয়োজন? সেতো অত্যন্ত পীড়াদায়ক, সূর্য্যসন্তাপে সন্তপ্ত হইয়া আমাকে কেবল দগ্ধ করে; কেহতো কখন এই ভয়ঙ্কর অজগরের দর্শন পায় না আমি এই শিরস্ত্রটা তাম্বুমধ্যে রাখিয়া দিব; যখন অজগরকে আসিতে দেখিব তখন ঝটিতি ধাবমান হইয়া তাহা গ্রহণ করিব।" তাদৃশ অন্যজনও আপন বুকপাটার বিষয় কহিল অপর জন আপন ঢাল অতি দুঃখদ ও দুঃসহ্য বোধ করিয়া তাহা বস্ত্রগৃহে রাখিয়া দিল অপর বালুকাময় পৃথিবীও উষ্ণতে এতাদৃশ উত্তপ্তা হইয়া উঠিল যে তাহাতে পিত্তলনির্ম্মিত পাদুকার্পণ অতি দুষ্কর, এবং তৎপরিধানে ও দগ্ধ প্রায় হইত, এতন্নিমিত্ত তাহারা পাদুকা ও পরিত্যাগ করিল।

এইরূপে একজন শিরস্ত্র বিহীন, অন্যজন বুকপাটা, অপর জন ঢাল, অন্যজন পাদুকা বিহীন হইয়া কেহ নিমন্ত্রণে কেহবা বিবাহ বাটীতে গেল সকলে সজ্জা রহিত প্রায় হইয়া ইতস্ততো ভ্রমণ করিতে লাগিল তাহারদের প্রভু যখন তাহারদিগকে যুদ্ধসজ্জায় সজ্জীভূত করাইয়া বহুবিধ আদেশ প্রত্যাদেশ প্রদান পূর্ব্বক দূরস্থ রণভূমিতে প্রেরণ করেন, তখন তাহারা আপনারদিগকে কেমন সুশোভিত ও বিক্রান্ত দেখাইল; কিন্তু এক্ষণে অতি সূক্ষ্ম দৃষ্টি পূর্ব্বক রাজচিহ্ন না দেখিলে কেহ তাহারদিগকে রাজকীয় সৈন্য বলিয়া লক্ষ্য করিতে প্রায় পারিত না

পরন্তু সৈন্যবর্গের মধ্যে আগাথস অর্থাৎ শুক্রযবর নামা একজন অচিন্ত অসতর্ক সঙ্গি যোদ্ধারদিগের এ প্রকার ব্যবহারে একান্তই অসম্মত হইয়া অতিমাত্র দুঃখে নিতান্তই শোকাকুল হইলেন তিনি বারম্বার তাহারদিগকে আপনাদের প্রভুর চেতনাবাক্য স্মরণ করাইয়া কহিলেন, তোমরা এমন মনে করিও না যে শত্রু অতি দূরে আছে, যদিও সে এপর্য্যন্ত দেখা না দিউক তথাপি সে নিঃসন্দেহ অতি নিকট আছে, প্রভু তাহার বিষয়ে কদাচ ভ্রান্ত হইতে পারেন না, কেননা তিনি স্বয়ং তাহার সহিত যুদ্ধ করিয়াছেন এবং তাহার ভয়ঙ্করতা বিলক্ষণ রূপে জ্ঞাত

আছেন। কিন্তু তাহারা ঐ পুরুষবরকে হাস্য পরিহাস করিতে লাগিল এবং তিনি তাঁহাদের মতে কোনমতে সম্মত না হওয়াতে তাহারা তাহাকে কাপুরুষ ভীরু বলিয়া অন্যান্য অনেকানেক কটুবাক্য আরোপ করত বিদ্রূপ করিতে লাগিল কিন্তু তিনি শিষ্টতা পূর্ব্বক সে সকলই সহ্য করিয়া তাহারদের কটুবাক্য গ্রাহ্য করিলেন না এবং যদ্যপি তিনি দিবাভাগে সূর্য্য সন্তাপে অচেতন প্রায়, এবং দুর্গম বালুকাময় পথ গমনে অত্যন্ত পরিশ্রান্ত, ও নিশাভাগে শীতলকর শিশিরে আর্দ্র-শরীর হইতেন, তথাপি এসকল ক্লেশ স্বীকার করিয়াও প্রভুর আদিষ্ট পরিধেয় সজ্জা ত্যাগ করেন নাই; এবং কষ্টজন্য স্ফীতপদ হইয়াও পিত্তলনির্ম্মিত পাদুকা পরিত্যাগ করেন নাই, এবং সমস্ত রাত্রি সতর্কতাপূর্ব্বক প্রহরিকর্ম্ম করণে বিরত ছিলেন না।

এইরূপে কতিপয় দিবস অতীত হইল কিন্তু ঐ বিশ্রামাভিলাষি অলস সৈন্যেরা একাল পর্য্যন্ত শত্রুর সন্দর্শন না পাওয়াতে কস্মিন্ কালে কদাচ সে দর্শন দিবে না, ইহা দিনে২ মনে দৃঢ়তর নিশ্চয় করিয়া ইচ্ছামত কটু বাক্য কহত আগাথসকে আরও বিদ্রূপ করিতে লাগিল কিন্তু যৎসময়ে তাহারা আপনারদিগকে নিতান্তই নিঃশঙ্ক

জ্ঞান করিল তৎসময়েই শঙ্কট সন্নিকট হইল। কেননা এক্ষণে ভয়ঙ্কর লক্ষণ দেখা দিল, কিন্তু লক্ষ্য করিতে কেহ ছিল না এমত কালে একজন সেনা মহা ভোজে নিমন্ত্রিত হইয়া তথায় গমন করিল সেই নিমন্ত্রণ বাটীতে বাদ্য বাদনা নৃত্য গীত হইতেছিল, এবং নিমন্ত্রিত সেনা যুদ্ধসজ্জা ত্যাগ পূর্ব্বক বহুবিধ কৌতুকামোদে থাকিয়া সন্ধ্যাকালীন সুশীতল মন্দ২ বায়ু বহনে হর্ষিত মনে স্বীয় তাম্বুবাসে প্রত্যাগমন করিতেছিল পথি মধ্যে নিমন্ত্রণ বাটীর আমোদ প্রমোদ মননে নিমগ্নচিত্ত হইয়া এতাদৃশ সুখ সম্ভোগে আপনাকে পরম সুখী বোধ করিয়া আগাথসকে নিষ্ফল দুঃখ ভোগী জ্ঞান করত মনে২ ভাবিতেছিল, যে সেতো সন্দিগ্ধ শঙ্কায় নানা ভাবনায় পড়িয়া গুরুতর ভারি সজ্জা পরিধান পূর্ব্বক নিয়ত তাম্বুর চতুষ্পার্শ্বে নিষ্ফল ভ্রমণে কালযাপন করিতেছে।

প্রত্যাগমনকারি সেনা এইরূপ মনে২ করত আসিতেছে ইত্যবসরে অকস্মাৎ দক্ষিণ পার্শ্বস্থ নিবিড় বন মধ্য হইতে আশ্চর্য্য খর২ মর২ শব্দ তাহার কর্ণগোচর হইল, এবং অচিরাৎ নিমিষ মধ্যে, বিদ্যুৎ তুল্য দ্রুতগামী সেই বিকটাকার ভয়ঙ্কর অজগর তাহার সম্মুখ হইল। তাহাতে সে অতিমাত্র ত্রাসে শঙ্কিত কম্পিত আকুঞ্চিতজানু হইয়া

প্রভুর প্রদত্ত প্রখর খড়্গ গ্রহণার্থে স্বপার্শ্বে হস্তক্ষেপ করিয়া দেখে যে খড়্গ নাই। ইতিমধ্যে অজগর তাহার উপর আক্রমণ করিয়া আসিতেছিল, ইহা দেখিয়া সেই সেনা ত্রাস প্রযুক্ত চীৎকার শব্দ করত রাজ্যেশ্বরের নাম গ্রহণ করিতে লাগিল কিন্তু অকস্মাৎ তাহার মনোমধ্যে উদয় হইল যে এখন রাজার নাম গ্রহণ বৃথা, সে সময়তো বহিয়া গিয়াছে আমি সজ্জাভার বহনে অস্বীকৃত ছিলাম অতএব এক্ষণে এই বিপদ উপস্থিত সময়ে আমার সহকারী কেহ নাই। তাহাতে সে পলায়নার্থে পরাঙ্‌মুখ হইল, কিন্তু সেই স্থলের চতুর্দ্দিগ অজগর কর্ত্তৃক প্রক্ষিপ্ত প্রভেদক তীক্ষ্ণবাণে বেষ্টিত, সেও রাজদত্ত পিত্তলনির্ম্মিত পাদুকা বিহীন, এতন্নিমিত্তে চলনাক্ষম হইয়া ভূমিতে পতিত হইল। এবং দারুণ ক্রূর অজগর তাহাকে একবারেই ভক্ষণ করিল

এ প্রকার এক২ করিয়া অনেকের ঘটিল, এবং তাহার-দের সহচরেরা আর তাহারদের দেখা পাইল না। সেনারা সঙ্গিদিগের অনুসন্ধান না পাইয়া প্রথমে বিস্ময়াপন্ন হইয়া ভাবিতে লাগিল যে ইহারা কি নিমিত্তে স্বস্থানে ফিরিয়া আইসে না নিরুদ্দেশ সহচরদের বিষয় কেহ কথা উল্লেখ করিলে তাহারা ক্ষণেক উৎকণ্ঠিত ও বিরস বদন

হইত। কিন্তু কিয়ৎকাল গতে তাহারা পুনশ্চ পূর্ব্ববৎ নিমন্ত্রণে স্বচ্ছন্দে গমন ও ভোজন পান করত আমোদে মগ্ন হইয়া যুদ্ধসজ্জা পরিধান ও প্রভুর চেতনাবাক্য বিস্মৃত হইয়া থাকিল জানে নাই যে শঙ্কট অতি নিকট

অপর সেই অজগর যদ্যপি রাজাকে ভয় করিত তথাপি বহু সংখ্যক রাজকীয় সৈন্যদিগকে অনায়াসে পরাভব করিবাতে অত্যন্ত স্পর্দ্ধাবৃদ্ধিজন্য এতাদৃশ সাহস পাইল যে সেনাদের বাসস্থান পর্য্যন্ত আক্রমণ করিয়া সকল শত্রুদিগকে এককালে সংহার করণের উপায় অনুসন্ধান করিতে লাগিল এই অভিপ্রায়ে সে শিবির অর্থাৎ ছাউনির নিকটস্থ নিবিড় বনে বহুকাল লুক্কায়িত হইয়া থাকিল কিন্তু মনোরথ সিদ্ধ্যর্থে কোন সুযোগ পাইল না; কেননা আগাথস স্বীয় রীত্যনুসারে শিবিরের ইতস্ততো গমনাগমন করত প্রহরিকর্ম্ম করিতেছিল, তাহার পার্শ্বে অতি তীক্ষ্ণ সংহারক খড়্গ এবং তাহার স্কন্ধোপরি চাকচিক্য লোহিত বর্ণ ক্রুশচিহ্নেতে চিহ্নিত বিশাল ঢাল তদ্দর্শনে অজগর রাজার সহিত পূর্ব্ব যুদ্ধ স্মরণ করিয়া নিতান্তই আশঙ্কিত হইল

কিন্তু পর দিবস মধ্যাহ্নকাল উপস্থিত হইলে আগাথস বহু জাগরণ জন্য পরিশ্রমে ক্লান্ত হইয়া সঙ্গি যোদ্ধার-

দিগকে তাম্বুর চতুর্দ্দিগে রাখিয়া বিশ্রামার্থে ক্ষণেক নিদ্রা যাইবার মানসে স্বীয় বস্ত্রগৃহে প্রবেশ করিলেন অজগর এই সুযোগ পাইয়া বুঝি এতদিনের পর মনস্কামনা সিদ্ধ হইল, ইহা ভাবিয়া ঘোরতর ভয়ঙ্কর চীৎকার শব্দ করত কাননের নিভৃত স্থান হইতে অতিবেগে দ্রুত আসিয়া যথাসাধ্য প্রচণ্ডতর ক্রোধ বিক্রম বলে আক্রমণ করত সেনাদের উপরে বজ্র তুল্য পড়িল কাহারদিগকে হিংস্র নখেতে বিদীর্ণ, কাহারদিগকে বা লৌহ তুল্য বিষম দশনে দংশন, অপরদিগকে বিযাক্ত হুলযুক্ত পুচ্ছাঘাতে হনন করিল তখন ছাউনির সর্ব্বত্র মহাগোলযোগ কলরব হইয়া উঠিল সেনা সমূহ অস্তব্যস্ত হইয়া পরিত্যক্ত অস্ত্র শস্ত্র অনুসন্ধান করিতে লাগিল একজন ত্বরিত একখান খড়্গ পাইয়া অজগরের সম্মুখবর্ত্তী হইয়া ক্ষণেক রণে প্রবৃত্ত হইল। কিন্তু সে শিরস্ত্র বিহীন হওয়াতে যেমন খড়্গোত্তোলন পূর্ব্বক প্রহারোদ্যত ছিল তখনি হঠাৎ সেই অজগর নখ বিস্তার করিয়া তাহার মস্তকে আঘাত করাতে সে ভূমিতে পতিত হইয়া প্রাণ ত্যাগ করিল। ইত্যবসরে শিরস্ত্র পরিহিত খড়্গধারী অন্যজন অগ্রসর হইল সে, প্রথম সেনাপেক্ষা কিছুকাল যুদ্ধ করিল এবং অজগরকে দুই

এক আঘাতও করিল, তাহাতে অজগর বিষপূর্ণ হুল প্রক্ষেপ করত তাহার কটিদেশ বেষ্টন করিল, তদ্দেশ কটিবন্ধনী বিহীন থাকাতে সেও তৎক্ষণাৎ ভূতলে পতিত হইয়া নিহত হইল তাহাতে অন্যজন যুদ্ধার্থে ঝটিতি অজগরের সম্মুখ হইল সে প্রায় তাবৎ সজ্জায় সজ্জীভূত ছিল, কেবল ত্বরা প্রযুক্ত আপন পরিত্যক্ত ঢালের অনুসন্ধানে বিলম্ব করিতে না পারিয়া তদ্বিহীন হইয়া অজগরের সহিত রণে প্রবৃত্ত হইল এবং আপন তীক্ষ্ণ খড়্গদ্বারা তাহাকে দুই এক স্থানে আঘাতও করিল তাহাতে সে শিরস্ত্র পরিহিত ও কটিবন্ধনীতে কটিবদ্ধ হওয়াতে সে দুষ্টাত্মা তাহার মস্তক ও কটিদেশ কোনমতে আঘাত করিতে না পারিয়া হঠাৎ আপন হিংস্র নখহইতে অগ্নিবাণ প্রক্ষেপ করিতে লাগিল। তাহাতো খড়্গদ্বারা নিবারিত হইতে পারে না, ও তাহার রক্ষাকারী ঢাল না থাকাতে নিঃক্ষিপ্ত বাণ তাহার কবচ পর্য্যন্ত প্রভেদ করিয়া তাহাকে বিদীর্ণ করিল অতএব সেও নষ্ট প্রাণ হইয়া ভূমিতে পড়িল অপর জন এইরূপ পরাভূত হয়, যে ঘোরতর সংগ্রামে তাহার ঢাল ক্ষণ মাত্র পার্শ্বস্থ হইলে তাহার বক্ষদেশে বুকপাট না থাকাতে সে বিনাশক আঘাতে মৃত হইয়া পড়িল। আর

একজন তাম্বুহইতে পাদুকা বিহীন হইয়া বহির্গত হওত চতুষ্পার্শ্বস্থ ভূমিতে নিঃক্ষিপ্ত ভগ্ন বাণে বিদীর্ণপদ হইয়া অমনি পড়িল তাহাতে অজগব উল্লষিত হর্ষিত মনে জয়২ শব্দ করত আপনার বল বিক্রমের প্রভাবে দৃঢ়তর নির্ভব কবত মনে২ করিতে লাগিল, যে আমি অবিলম্বে রাজকীয় সমস্ত সৈন্য সামন্ত এক২ গ্রাসে ভক্ষণ কবিব

এতাবৎকাল পর্য্যন্ত আগাথস নিদ্রাভিভূত ছিলেন, এবং নিদ্রাতে এক প্রবোধদায়ি পরম তুষ্টিকর স্বপ্ন দেখিলেন। সেই স্বপ্নেতে দেখেন যে তাহাব প্রভু তাহার পার্শ্বে দণ্ডায়মান আছেন অজগরের সহিত স্বয়ং যুদ্ধকবণ কালে তাঁহাব যে রূপ, অবিকল সেই রূপে তিনি দৃষ্ট হইলেন; তাঁহার হস্ত চবণ হইতে বিন্দু২ রক্ত নিঃসৃত হইতেছিল, কিন্তু তাঁহাব পদতলে অজগব মর্দ্দিত ছিল এবং আগাথসের এমন বোধ হইল, যে তাহাব প্রভু কৃপা ও স্নেহ পূর্ব্বক তাহার প্রতি প্রসন্ন দৃষ্টিপাত করত তাহাকে কহিলেন, "হে উত্তম বিশ্বস্ত দাস, তুমি সিংহ ও কালসর্পের উপব দিয়া গমন কবিবা এবং যুব সিংহ ও অজগর সর্পকে দলিবা; এবং তুমি ভীত হইও না, কেননা আমি তোমার সহায় আছি"

স্বপ্নযোগে তিনি এই প্রবোধদায়ি বাক্য শুনিতেছেন, ইতিমধ্যে সহচর যোদ্ধাবদিগের রব ও আক্রমণকারি দারুণ অজগরের ঘোরতর সিংহনাদ হঠাৎ কর্ণগোচর হওয়াতে তাঁহার নিদ্রাভঙ্গ হইল আগাথসতে সততই অজগরের আক্রমণ প্রতীক্ষায় থাকিত, এবং নিদ্রাবস্থাতেও বুকপটা ও জঙ্ঘাবরণ ও পাদুকা পরিত্যাগ না করিয়া স্ব২ স্থানে তাহা বদ্ধ রাখিত, অতএব তিনি কিছুমাত্র ভীত ও অপ্রতিভ না হইয়া শয্যা হইতে সহসা গাত্রোত্থান পূর্ব্বক স্বীয় সুনির্ম্মল শানিত খড়্গ কটিদেশে বন্ধন ও মস্তকে শিরস্ত্র স্থাপন ও বাহুতে ঢাল ধারণ করিয়া হাঁটু পাতিয়া ঈশ্বরের নামে প্রার্থনা করিলেন, এবং আপন প্রভুর স্মরণ করিয়া অবিলম্বে যুদ্ধ স্থানে উপস্থিত হইলেন। শত্রু তাহাকে আসিতে দেখিয়া নিহতদিগের নির্ঘাত দলন হইতে বিরত হইয়া তাহার সহিত যুদ্ধ করিতে অগ্রসর হইল তখন আপন প্রভুর সেই বিশ্বস্ত দাসের সহিত ঐ ক্রূর দারুণ শত্রুর ঘোরতর সংগ্রাম হইতে লাগিল আগাথস রণে প্রহারের প্রাবল্যে দুই একবার ভূমিতে জানুভাগে পতিত হইয়া কেবল বিশ্বাসের উত্তম ঢাল বিস্তার মাত্র সেই দুষ্টাত্মার অশেষ আঘাত ও অনবরত নিঃক্ষিপ্ত অগ্নিবাণ নিবারণ

করিতে লাগিলেন ; তথাচ ভূমিস্পর্শ করিবামাত্রই বোধ হইল যে তিনি পুনর্ব্বার নুতন বল প্রাপ্ত হইলেন এবং দুর্বল হাঁটু উত্তোলন পূর্ব্বক সেই বিনাশক অভিশপ্তকে অধিকতর বলে প্রহার করিলেন। সূর্য্যাস্ত কালপর্য্যন্ত ঘোর সংগ্রাম হওয়াতে ঐ বিশ্বস্ত যোদ্ধা শক্তিহ্রাসে অত্যন্ত ক্লান্ত হইয়া অবশেষে উচ্চৈঃস্বরে আপন প্রভুর নাম গ্রহণ পূর্ব্বক সাধ্যানুরূপ সমস্ত বল পরাক্রমে অজগরকে এমন গুরুতর প্রচণ্ড নির্ঘাত আঘাত করিলেন যে সে মহাচীৎকার করত তৎক্ষণাৎ তাহাকে ছাড়িয়া পলায়ন করিল। তাহাতে আগাথস মহানন্দিত হইয়া তৎক্ষণাৎ হাঁটু পাতিয়া প্রার্থনা করত ধন্যবাদ দিতে লাগিলেন তখন সন্ধ্যাকালীন শিশিরাগম সময়ে রণভূমির মধ্য দিয়া আপন প্রতি আগমনকারি আপন প্রভুর স্বরূপ দেখিতে পাইলেন; এবং তিনি তাঁহার রব শুনিলেন ও তাঁহার প্রসন্নবদন দর্শন করিলেন, তাহাতে যে প্রবোধদায়ি স্বপ্ন তিনি দেখিয়াছিলেন সে নিতান্তই সত্য হইল, এবং তিনি সদাকাল আপন প্রভুর সম্মুখে বাস করিলেন।

পিতা—হে প্রিয় বৎস তুমি বলিতে পার ঈশ্বরের বাক্যের কোন স্থলের ভাবার্থ উক্ত প্রবন্ধে প্রকাশ হয়?

সন্তান—হাঁ, এফিষীয়দের প্রতি সাধু পাউলের লিপীর ষষ্ঠ অধ্যায়ের যে২ পদ অল্প দিন গতে অভ্যাস করিয়াছিলাম বুঝি তাহারি ভাবার্থ এই বিবরণে ব্যাখ্যা হইয়াছে যথা, "ঈশ্বরদত্ত সম্পূর্ণ সজ্জা গ্রহণ কর যেন দুঃসময়ে প্রতিরোধ করিতে এবং সকলই পরাভব করিয়া দণ্ডায়মান থাকিতে সক্ষম হও। অতএব সত্যতায় কটিদেশ পরিবদ্ধ হইয়া এবং ধার্মিকতার বুকপাটা পরিধান করিয়া দণ্ডায়মান হও এবং শান্তির সুসমাচারের পাদুকা পদে অর্পণ করিয়া, যাহাতে পাপাত্মার অগ্নিবাণ সকল নির্ব্বাণ করিতে সক্ষম হও এমন যে বিশ্বাসের ঢাল তাহা সর্ব্বোপরি ধারণ করিয়া পরিত্রাণের শিরস্ত্র এবং আত্মার খড়্গ অর্থাৎ ঈশ্বরের বাণী গ্রহণ কর। এবং সকল প্রার্থনা ও যাচ্ঞাদ্বারা সকল সময়ে আত্মাতে প্রার্থনা কর।"

পিতা—সত্য বটে সেই স্থলেরই ব্যাখ্যা করা গিয়াছে ভাল, যে প্রভু স্বয়ং শত্রুর সহিত যুদ্ধ করিয়াছিলেন এবং এক্ষণে আপন যোদ্ধারদিগকে তৎ সহিত যুদ্ধ করিতে প্রেরণ করেন তিনি কে বলিতে পার?

সন্তান—আমারদের ত্রাণকর্ত্তা যেশু খ্রীষ্ট, তিনি আমারদের নিমিত্তে শয়তানের সহিত একবার যুদ্ধ

করিলেন এবং এক্ষণে তাহাকে প্রতিরোধ করিতে আপন লোকদিগকে প্রেরণ করেন।

পিতা—তাঁহার সৈন্যেরা কে?

সন্তান—তাঁহার সভাস্থ অঙ্গ সকল।

পিতা—বাপ্তিস্মের বিধানে এতদ্বিষয় যাহা লিখিত আছে তাহা স্মরণ করিয়া বলিতে পার?

সন্তান—বাপ্তিস্মকালে যখন পরিচারক শিশুর কপালে ক্রুশের চিহ্ন করেন তখন তিনি এই সূচনার্থে তাহা করেন যে বাপ্তিস্মিত শিশু "ক্রুশার্পিত খ্রীষ্টের বিশ্বাস স্বীকার করিতে লজ্জিত হইবে না বরং পাপ ও জগৎ ও শয়তানের বিরুদ্ধে তাঁহার ধ্বজাতলে পৌরুষপূর্ব্বক যুদ্ধ করিয়া জীবনের শেষ পর্য্যন্ত খ্রীষ্টের বিশ্বস্ত যোদ্ধা ও সেবক হইয়া থাকিবে"

পিতা—যাহার বিরুদ্ধে তোমাকে যুদ্ধ করিতে হয় সেই শয়তানকে কাটেখিস্মে কি বলিয়া কহা গিয়াছে?

সন্তান—"আমার আত্মিক শত্রু"

পিতা—তাহার আক্রমণ হইতে কাহারা নির্ভয় থাকিতে পারে?

সন্তান যাহারা খ্রীষ্টীয় তাবৎ সজ্জায় সজ্জীভূত ও সচৈতন্য হইয়া প্রার্থনাতে নিত্য প্রবৃত্ত থাকে

পিতা—কাহারা পরীক্ষায় পড়িয়া এই সকল হইতে বিরত হয়?

সন্তান—আমরা সকলে, কেননা সকলেরই সতর্কতায় ও প্রার্থনায় বিশ্রান্ত হওনের সম্ভাবনা আছে।

পিতা—আমরা যদি ক্লান্ত হইয়া সচৈতন্য না থাকি তবে আমারদিগের কি ঘটিবে?

সন্তান—আমরা শয়তানকর্ত্তৃক আক্রান্ত হইয়া তাহার লুঠের বিষয় হইব।

পিতা—আমরা সচৈতন্য থাকিলে কি নিরাপদ হইব?

সন্তান—অবশ্য, সচৈতন্য থাকিলে আমারদের প্রভু খ্রীষ্ট আমারদিগকে রক্ষা করিবেন।

পিতা—তিনি এবিষয়ে আপন বাক্যেতে আমারদিগের প্রতি কি প্রতিজ্ঞা করিয়াছেন?

সন্তান—"শয়তানকে প্রতিবোধ কর তাহাতে সে তোমারদের নিকট হইতে পলায়ন করিবে" য়াকুব ৪:৭-